

(2)

Ex./BANGLA/PG/4.52/78/2017

অথবা

২খ. বর্তমান সময়ে দাঁড়িয়ে 'মধ্যযুগের সংস্কৃতি' বিষয়ে জানার সম্ভাব্য উপায়গুলির যেকোনো দুটি সম্পর্কে আলোচনা করো। ৫+৫

৩ক. প্রাচীন ও মধ্যযুগের পুথি সম্পাদনার ক্ষেত্রে হরপ্রসাদ শাস্ত্রীর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৩খ. বৈষ্ণব সাহিত্য গ্রন্থের সম্পাদক হিসেবে রাধাগোবিন্দ নাথের কাজের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪ক. মধ্যযুগের বাংলা সাহিত্য সমালোচনায় শশীভূষণ দাশগুপ্তের প্রধান প্রবণতাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

৪খ. মধ্যযুগের সাহিত্য সমালোচনায় আশুতোষ ভট্টাচার্য যে সাংস্কৃতিক নৃতত্ত্বের পরিসর ব্যবহার করেছেন তা সাহিত্য-সমালোচনায় কোনো পদ্ধতিগত নতুনত্ব তৈরি করেছে বলে কি তুমি মনে কর? আলোচনা করো। ১০

অথবা

৪গ. বিনয় ঘোষের মধ্যযুগ সংক্রান্ত চর্চার প্রধান অভিমুখ সমাজতত্ত্ব। সংক্ষেপে তাঁর কাজকর্মের পরিচয় দিয়ে বিষয়টি ব্যাখ্যা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

মধ্যযুগের সাহিত্য-সংস্কৃতি সমালোচনা

কোর্স পি. জি. - ৪.৫২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. মধ্যযুগের সাহিত্য সমালোচনার ক্ষেত্রে রামগতি ন্যায়রত্ন ব্যক্তিগত নৈতিকতাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করেছিলেন বলেই 'অন্নদামঙ্গল' এবং ভারতচন্দ্র বিষয়ে তিনি রক্ষণশীল। রামগতি ন্যায়রত্নের সাহিত্যের ইতিহাস-ভাবনার সূত্রে বিষয়টি আলোচনা করো। ১০

অথবা

১খ. দীনেশচন্দ্র সেন তাঁর 'বঙ্গভাষা ও সাহিত্যে' এর প্রথম সংস্করণের ভূমিকায় মধ্যযুগের সাহিত্যপাঠ ও সমালোচনা বিষয়ে যে দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন তা সপ্রসঙ্গ আলোচনা করো।

২ক. প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য আলোচনায় রবীন্দ্রনাথের ইতিহাস-দর্শনের অভিমুখটি সংক্ষেপে আলোচনা করো। ১০

(Turn over)